প্রথম আলো

তারিখ ২৯ OCT 2016 পৃষ্ঠা ২ কলাম ৬

# যুক্তরাজ্যে শিক্ষা-পরবর্তী কাজের সুযোগ ফিরছে না

লন্ডন প্রতিনিধি ●

যুক্তরাজ্যে বিদেশি শিক্ষার্থীদের আকৃষ্ট করতে কোর্স-পরবর্তী কাজের সুযোগ ফিরিয়ে আনার প্রস্তাব করেছিল স্কটল্যান্ডের সরকার। কিন্তু প্রধানমন্ত্রী থেরেসা মের কেন্দ্রীয় সরকার সেই প্রস্তাব নাকচ করে দিয়েছে। গতকাল শুক্রবার বিবিসির এক প্রতিবেদনে এ কথা জানানো হয়।

যুক্তরাজ্যে পড়াশোনা করতে আসা বিদেশি শিক্ষার্থীরা স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ের কোর্স সম্পন্ন করার পর দুই বছর কাজ করার অনুমতি পেতেন। এটা পোস্ট স্টাডি ওয়ার্ক পারমিট (পিএসডব্লিউ) নামে পরিচিত ছিল। ২০১০ সালে কনজারভেটিভ পার্টি ক্ষমতায় আসার পর অভিবাসন নিয়ন্ত্রণে নানা কড়াকড়ি আরোপ করে। এরই অংশ হিসেবে ২০১২ সালের এপ্রিল থেকে পোস্ট স্টাডি ওয়ার্ক পারমিট বা পড়াশোনা-পরবর্তী কাজের ওই সুযোগ বন্ধ হয়ে যায়।

স্কটল্যান্ড-বিষয়ক কমিটির (স্কটিশ অ্যাফেয়ার্স কমিটি) এক প্রতিবেদনে বলা হয়, কাজের সুযোগ বন্ধ করে দেওয়ার পর থেকে স্নাতক সম্পন্ন করা বিদেশি শিক্ষার্থীদের যুক্তরাজ্যে অবস্থানের হার প্রায় ৮০ শতাংশ কমে গেছে। স্কটল্যান্ডের স্বাস্থ্য ও আর্থিকসহ বিভিন্ন খাতে দক্ষ লোকবলের যে ঘাটতি তৈরি হয়েছে, তা মোকাবিলায় বিদেশি শিক্ষার্থীদের শিক্ষা-পরবর্তী কাজের সুযোগ ফিরিয়ে আনা উচিত।

দ্য ইউনিভার্সিটি অব এডিনবরার পক্ষ থেকেও সতর্ক করে দিয়ে বলা হয় যে, ভিসানীতির কারণে স্কটল্যান্ড আন্তর্জাতিক অঙ্গন থেকে মেধাবীদের আকর্ষণ করতে ব্যর্থ হচ্ছে। এমন প্রেক্ষাপটে স্কটল্যান্ডে পড়তে আসা বিদেশি শিক্ষার্থীদের জন্য পিএসডব্লিউ ফিরিয়ে আনার প্রস্তাব করা হয়।

তবে যুক্তরাজ্যের কেন্দ্রীয় সরকার সেই প্রস্তাব নাকচ করে দিয়ে বলেছে, পিএসডব্লিউ ভিসায় অনেক গলদ ছিল। ওই ভিসার সুযোগ নিয়ে বিদেশি শিক্ষার্থীদের বেশির ভাগই অদক্ষ কাজে লিপ্ত হতেন। অনেকে যুক্তরাজ্যেস্থায়ী হওয়ার জন্য এই ভিসাকে কাজে লাগাতেন। যাঁরা প্রকৃত মেধাবী, তাঁদের জন্য বর্তমান নিয়মেও পড়াশোনা শেষে কাজ করার সুযোগ রয়েছে বলে সরকারের পক্ষ থেকে জানানো হয়। স্কটল্যান্ডের জন্য অভিবাসনের আলাদা নিয়ম করা হলে তা সার্বিক অভিবাসন নিয়ন্ত্রণব্যবস্থাকে জটিল করে তুলবে বলেও জবাবে বলা হয়।

এ ছাড়া সরকারের পক্ষ থেকে বলা হয়, অক্সফোর্ড, কেমব্রিজ, বাথ ও ইমপেরিয়াল কলেজে বর্তমানে একটি পাইলট প্রকল্প চালু রয়েছে। এর মাধ্যমে স্নাতকোত্তর পর্যায়ের কোর্স সম্পন্ন করা বিদেশি শিক্ষার্থীদের মেধাভিত্তিক দক্ষ কাজ খুঁজে নিয়ে ছয় মাসের বাড়তি ভিসা দেওয়া হচ্ছে।

স্কটিশ অ্যাফেয়ার্স কমিটির প্রধান স্কটিশ ন্যাশনালিস্ট পার্টির এমপি পিট উইশর্ট সরকারের দেওয়া জবাব চরম হতাশাজনক বলে মন্তব্য করেন।